# শিশু কল্যাণ ট্রাস্ট এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) নীতিমালা,২০১৫

শিশু কল্যাণ ট্রাস্ট

প্রতিষ্ঠা এবং লক্ষ্য ও উদ্দেশ্য: ০২-০৭-১৯৮৯ খ্রিঃ তারিখে মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে "পথকলি ট্রাস্ট" প্রতিষ্ঠিত হয় এবং যথারীতি কার্যক্রম শুরু হয়। পরবর্তীতে ১৯৯২ সালে এ প্রতিষ্ঠানটি "শিশু কল্যাণ ট্রাস্ট" নামকরণ করা হয়। শিশু কল্যাণ ট্রাস্ট প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন অলাভজনক একটি প্রতিষ্ঠান। এই ট্রাস্টে মূল লক্ষ্য ও উদ্দেশ্যে হইল সুযোগসুবিধা বঞ্চিত, ভাগ্যহত, হতদরিদ্র এবং নিজ প্রচেষ্টায় ও শ্রমে ভাগ্যোন্নয়নে প্রয়াসী শিশু-কিশোরদের শিক্ষা, স্বাস্থ্য এবং পেশাগত দক্ষতা অর্জনের জন্য প্রয়োজনীয় শিক্ষার ব্যবস্থাকরণ।

ট্রাস্টি বোর্ড : শিশু কল্যাণ ট্রাস্ট সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ৮ সদস্য বিশিষ্ট একটি ট্রাস্টি বোর্ড গঠন করা হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী-চেয়ারপারসন; মাননীয় প্রতিমন্ত্রী-ভাইস চেয়ারপারসন; সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সদস্য (পদাধিকার বলে); মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অন্যান্য তিনজন সরকার কর্তৃক মনোনীত সদস্য হিসেবে উক্ত ট্রাস্টি বোর্ডে অন্তর্ভুক্ত আছে। শিশু কল্যাণ ট্রাস্ট সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ১৭ জন কর্মকর্তা/কর্মচারী সমন্বয়ে একটি অনুমোদিত জনবল কাঠামো বিদ্যমান রহিয়াছে।

শিক্ষা কার্যক্রম : ট্রাস্টের আওতায় ৬৪ টি জেলা সদর ও ১২ টি উপজেলা সদরে সর্বমোট ৯১ টি শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় এবং ০১ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র পরিচালিত হচ্ছে। এই সকল বিদ্যালয় এবং প্রশিক্ষণ কেন্দ্রে ৫০০ জন শিক্ষক/কর্মচারী এবং প্রায় ২০,৪০০ জন ছাত্র-ছাত্রী অধ্যয়নরত আছে।

তহবিল : শিশু কল্যাণ ট্রাস্ট মূলত সরকারী অনুদান এবং দেশী-বিদেশী বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান বা উন্নয়ন প্রকল্পের আর্থিক সহায়তা বা অনুদানের উপর নির্ভরশীল। সরকারী অনুদান ব্যতীত অন্যান্য উৎস হতে অনুদান বা অর্থ পাওয়ার বিষয়টি অনিশ্চিত বিধায় যথাসময়ে তহবিল সংকটের কারণে ট্রাস্টের কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন সৃষ্টি হয়। শিশু কল্যাণ ট্রাস্টের অনুকূলে বরাদ্দকৃত ১০.০০ (দশ) কোটি টাকা এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) হিসাবে রাষ্ট্রয়াত্ব ব্যাংকে স্থায়ী আমানত করে মুনাফা লব্ধ অর্থ দ্বারা ট্রাস্টের বিদ্যালয়ের উন্নয়ন, শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ সরবরাহ, ক্রিড়া-সাংস্কৃতিক অনুষ্ঠান এবং রাষ্ট্রীয় কার্যক্রমে অংশগ্রহণে ব্যয় করা হইবে।

এমতাবস্থায়, ট্রাস্টের কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে প্রয়োজনীয় অর্থ প্রাপ্তির সুযোগ সৃষ্টি, তহবিল গঠন এবং ব্যবস্থাপনার লক্ষ্যে একটি এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) নীতিমালা প্রণয়ন করা আবশ্যক।

সেই লক্ষ্যে নিম্নরূপভাবে এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) নীতিমালা প্রণয়ন করা হইল:

**১। শিরোনাম:** এই নীতিমালা 'শিশু কল্যাণ ট্রাস্ট এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) নীতিমালা-২০১৫" নামে অবিহিত হইবে।

**২। নীতিমালা বাস্তবায়নের পরিধি/কার্যক্ষেত্র:** শিশু কল্যাণ ট্রাস্ট এর আওতায় এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) গঠন ব্যবহারের পদ্ধতি প্রণয়ন, পরিচালনা ও ব্যবস্থাপনায় এই নীতিমালা আওতাভুক্ত হইবে।

**৩। সংজ্ঞাঃ** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই নীতিমালায়:

(ক) ট্রাস্টি বোর্ড বলিতে শিশু কল্যাণ ট্রাস্টি বোর্ডকে বুঝাইবে;

(খ) ট্রাস্ট বলিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নিয়ন্ত্রনাধীন শিশু কল্যাণ ট্রাস্ট -কে বুঝাইবে;

(গ) এনডাউমেন্ট ফান্ড (Endowment fund) বলিতে এই নীতিমালার আওতায় গঠিত এবং পরিচালিত শিশু কল্যাণ ট্রাস্টের এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) -কে বুঝাইবে;

(ঘ) নীতিমালা বলিতে শিশু কল্যাণ ট্রাস্ট এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) নীতিমালা-২০১৫ এবং উহার উপর আনীত ভবিষ্যৎ সংশোধনী সমূহকে বুঝাইবে;

(ঙ) ব্যবস্থপনা কমিটি বলিতে এই নীতিমালার ৬নং অনুচ্ছেদের আওতায় গঠিত ব্যবস্থাপনা কমিটি -কে বুঝাইবে;

(চ) ব্যাংক বলিতে আইনসঙ্গতভাবে বাংলাদেশ ব্যাংকের আওতাধীন তফসিলভুক্ত ব্যাংক এবং অর্থলগ্নী প্রতিষ্ঠান সমূহকে বুঝাইবে;

(ছ) মহাপরিচালক বলিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক -কে বুঝাইবে;
(জ) পরিচালক বলিতে শিশু কল্যাণ ট্রাস্টের পরিচালক -কে বুঝাইবে।

## ৪। এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) গঠন :

(ক) তহবিলের সর্বোচ্চ অর্থ সীমা ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকা নির্ধারিত রেখে একটি এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) গঠন করা হইবে।

তহবিলের অর্থ নিম্নবর্ণিত উৎস সমূহ হতে গ্রহণ করা যাইবে:

১. শিশু কল্যাণ ট্রাস্টের নিজস্ব তহবিল;
২. সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;
৩. কোন ব্যক্তি প্রতিষ্ঠান কর্তৃক ব্যবসায়িক/বানিজ্যিক/সামাজিক/বিধিপ্রদত্ত অনুদান;
৪. স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান;
৫. বিদেশী সরকার, আন্তর্জাতিক সংস্থা, বিদেশী নাগরিক যা সরকার অনুমদিত কোন আইনসিদ্ধ সংস্থা;
৬. অনুমদিত দেশী/বিদেশী সংস্থা;
৭. ট্রাস্টের লক্ষ্য উদ্দেশ্য পরিপন্থি নয় এমন কোন উৎস।

(খ) ট্রাস্টি বোর্ড কর্তৃক নিয়োগপ্রাপ্ত নিম্নবর্ণিত যে কোন ব্যক্তি এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) এর অনুদানের অর্থ গ্রহণ করিতে পারিবেন:

১. চেয়ারপার্সন, ট্রাস্টি বোর্ড, শিশু কল্যাণ ট্রাস্ট
২. সভাপতি/সদস্য সচিব, এনডাউমেন্ট ফান্ড ব্যবস্থাপনা কমিটি
৩. মনোনীত যে কোন ব্যক্তি

(গ) ট্রাস্টি বোর্ড প্রয়োজন অনুযায়ী সময়ে সময়ে এনডাউমেন্ট ফান্ড এর উর্ধ্ব সীমা পুন:নির্ধারন করিতে পারিবে;
(ঘ) ট্রাস্টি বোর্ড এনডাউমেন্ট ফান্ড সংগ্রহের পদ্ধতি বা প্রক্রিয়া নির্ধারণ করিতে পারিবে।

## ৫। এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) এর ব্যবহার :

(ক) এনডাউমেন্ট ফান্ড এর মূলধনের কোন অংশ (অর্থ) শিশু কল্যাণ ট্রাস্টের কোন কার্যক্রম বাস্তবায়নে ব্যয় করা যাইবে না। উপরন্তু, এ ফান্ড থেকে উপার্জিত অর্থ/লভ্যাংশের কমপক্ষে ২৫ শতাংশ মূল তহবিলে সংরক্ষণ করতে হবে;

(খ) ব্যবস্থাপনা কমিটির সুপারিশ/সিদ্ধান্ত মোতাবেক এনডাউমেন্ট ফান্ড এর অর্থ আয় বর্ধক খাতে বিনিয়োগ করিতে হইবে;

(গ) এনডাউমেন্ট ফান্ড যা উহার কোন অংশ শিশু কল্যাণ ট্রাস্টের আয় বৃদ্ধির লক্ষ্যে কোন লাভজনক পন্থায় রাষ্ট্রায়ত্ব যে কোন তফসিলি ব্যাংক বিনিয়োগ করা যাইবে;

(ঘ) এনডাউমেন্ট ফান্ড বিনিয়োগ হইতে প্রাপ্ত লভ্যাংশের সর্বোচ্চ ৭৫%অর্থ ব্যবস্থাপনা কমিটির সুপারিশ/সিদ্ধান্ত মোতাবেক শিশু কল্যাণ ট্রাস্ট এর যে কোন কার্যক্রম বাস্তবায়নে ব্যয় নির্বাহ করা যাইবে;

(ঙ) ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ন্যায্য হিসাব/ভাগ প্রতিপালন সাপেক্ষে শিশু কল্যাণ ট্রাস্ট এর কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত আয়/লভ্যাংশ শিশু কল্যাণ ট্রাস্ট এর নিজস্ব ফান্ডের অবিচ্ছেদ্য অংশ হিসাবে গণ্য হইবে।

## ৬। এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) ব্যবস্থাপনা কমিটি :

(ক) এনডাউমেন্ট ফান্ড ব্যবস্থাপনার জন্য ট্রাস্টি বোর্ড কর্তৃক নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করিতে হইবে:

| | | |
|---|---|---|
| ৪. ট্রাস্টি বোর্ডের ০১ জন সদস্য | - | আহ্বায়ক |
| ৫. ট্রাস্টি বোর্ডের ০১ জন সদস্য | - | সদস্য |
| ৬. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে মনোনীত ০১ জন উপর্যক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭. স্বনামধন্য ০১ জন সমাজসেবক যার এতদসংক্রান্ত বিষয়ে সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা রয়েছে | - | সদস্য |
| ৮. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট (এনডাউমেন্ট ফান্ড ম্যানেজার হিসাবে দায়িত্ব পালন করিবে) | - | সদস্য সচিব |

(খ) 'ব্যবস্থাপনা কমিটির' সদস্যদের ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ট্রাস্টি বোর্ড মনোনয়ন প্রদান করিবে। তাহা ছাড়া ট্রাস্টি বোর্ড ব্যবস্থাপনা কমিটির কোন সদস্য বা সকল সদস্যকে পরবর্তী এক বা একাধিক মেয়াদের জন্য মনোনয়ন প্রদান করিতে পারিবে;

(গ) সভাপতি, শিশু কল্যাণ ট্রাস্ট বরাবরে লিখিত পদত্যাগ পত্র দাখিলের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির কোন সদস্য পদত্যাগ করিতে পারিবে;

(ঘ) কোন সদস্য শিশু কল্যাণ ট্রাস্টের স্বার্থের পরিপন্থী বা ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে কোন কাজ করিলে ট্রাস্টি বোর্ডের কমপক্ষে অর্ধেক সদস্যের সম্মতিক্রমে ট্রাস্টি বোর্ড উক্ত সদস্যের মনোনয়ন প্রত্যাহার করিতে পারিবে;

(ঙ) ট্রাস্টি বোর্ড পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট কে 'এনডাউমেন্ট ফান্ড এর ফান্ড ম্যানেজার' হিসাবে মনোনীত করিবে, যিনি দৈনন্দিন তহবিল ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়ন করিবেন;

(চ) শিশু কল্যাণ ট্রাস্টের প্রশাসন ও হিসাব শাখা ফান্ড ব্যবস্থাপনায় "এনডাউমেন্ট ফান্ড এর ফান্ড ম্যানেজার" কে প্রয়োজনীয় সকল প্রশাসনিক সহায়তা প্রদান করিবে;

(ছ) ট্রাস্টি বোর্ড অনুমোদিত আর্থিক নীতিমালা অনুযায়ী এনডাউমেন্ট ফান্ড এর ব্যাংক হিসাব পরিচালিত হইবে।

**৭। ব্যবস্থাপনা কমিটির দায়িত্বাবলী:** ব্যবস্থাপনা কমিটি নিম্নবর্ণিত দায়িত্ব সমূহ পালন করিবে:

(ক) সম্ভাব্য উৎস হতে এনডাউমেন্ট ফান্ড এর জন্য অনুদান সংগ্রহ;

(খ) ট্রাস্টি বোর্ডের নিকট নিম্নবর্ণিত বিষয়ে যথাপোযুক্ত সুপারিশ প্রদান:

১. শিশু কল্যাণ ট্রাস্ট এর আয়/মুনাফা বৃদ্ধির লক্ষ্যে এনডাউমেন্ট ফান্ড এর বিনিয়োগ;

২. এনডাউমেন্ট ফান্ড হইতে অর্জিত আয়/মুনাফা এর প্রশাসনিক ও পরিচালনা ব্যয় এবং ট্রাস্টের কর্মসূচী বাস্তবায়ন ব্যয় খাতে ন্যায্য ভাগে বন্টন করে দেওয়া;

৩. এনডাউমেন্ট ফান্ড নীতিমালার প্রয়োজনীয় সংশোধন, সংযোজন বা পরিবর্তন।

(গ) এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) এর বাৎসরিক হিসাব সমূহ অনুমোদন;

(ঘ) ট্রাস্টি বোর্ড কর্তৃক ব্যবস্থাপনা কমিটির উপর অর্পিত অন্য যে কোন দায়িত্ব।

**৮। ব্যবস্থাপনা কমিটির সভা:**

(ক) ব্যবস্থাপনা কমিটি বৎসরে কমপক্ষে ০৩ টি সভা করিবে;

(খ) প্রয়োজন বিবেচনায় বিশেষ সভা আহবান করিতে পারিবে।;

(গ) আহবায়ক সহ ০৩ সদস্যের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় কোরাম পূর্ণ হইবে এবং সংখ্যা গরিষ্ঠের ভোটে সিদ্ধান্ত গৃহিত হইবে;

(ঘ) ব্যবস্থাপনা কমিটির আহবায়ক সভা আহবান করিবে;

(ঙ) অপরিহার্য বিবেচনায় কোন বিষয়ে সদস্যগণের লিখিত মতামতের ভিত্তিতে জরুরী সিদ্ধান্ত গ্রহণ করা যাইতে পারে।

**০৯। এনডাউমেন্ট ফান্ড (Endowment Fund) এর অডিট (হিসাব নিরীক্ষা):**

(ক) শিশু কল্যাণ ট্রাস্টের হিসাব নিরীক্ষার জন্য নিয়োগপ্রাপ্ত নিরীক্ষা প্রতিষ্ঠান (Audit Form) কর্তৃক এনডাউমেন্ট ফান্ড নিরীক্ষা করিতে হইবে;

(খ) হিসাব নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী কার্যক্রম সম্পাদন বা প্রতিপালনের (Complying) জন্য ব্যবস্থাপনা কমিটি দায়ী থাকিবে।

১০। এই নীতিমালা প্রণয়নের পদ্ধতি অনুসরণপূর্বক ট্রাস্টি বোর্ড এই নীতিমালা সংশোধন করিতে পারিবে।

১০.০৩.১৮

মোস্তাফিজুর রহমান, এম, পি
মাননীয় মন্ত্রী
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
ও
চেয়ারপারসন
শিশু কল্যাণ ট্রাস্ট